গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

নৌ-পরিবহন অধিদপ্তর

উপকূল অতিক্রমের অনুমতি প্রদানের ক্ষেত্রে অভ্যন্তরীণ মালবাহী নৌযানের বয়স (সর্বোচ্চ ১৫ বছর) সংক্রান্ত বাধ্যবাধকতা এবং সর্বনিম্ন নিরাপদ নাবিক সংখ্যা পর্যালোচনা বিষয়ক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | কমডোর আবু জাফর মোঃ জালাল উদ্দিন. (সি).পিসিজিএম. এনডিসি. পিএসসি. বিএন<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৯/০৮/২০২১ খ্রিঃ। |
| সভার সময় | বিকাল ২:৩০ ঘটিকা |
| স্থান | অধিদপ্তরের সভাকক্ষ এবং অনলাইন জুম প্লাটফর্ম। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

১। উপস্থাপনা:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, নৌপরিবহন অধিদপ্তর সভার প্রেক্ষাপট বর্ণনা করে বলেন যে, অভ্যন্তরীণ নৌ চলাচল অধ্যাদেশ, ১৯৭৬ (সংশোধনী ২০০৫)- এর ধারা ৫৪ক মোতাবেক অভ্যন্তরীণ মালবাহী নৌযান নির্দিষ্ট শর্তসমূহ পূরণ সাপেক্ষে উপকূল অতিক্রম করতে পারে। অত্র অধিদপ্তর কর্তৃক সর্বশেষ ১৭-১২-২০১২ খ্রিঃ তারিখে অভ্যন্তরীণ মালবাহী নৌযানের অনুকূলে উপকূল অতিক্রমের অনুমতি প্রদানে প্রয়োজনীয় শর্তসমূহ সার্কুলার আকারে জারী করা হয়। বাংলাদেশ মালবাহী নৌযান মালিক সমিতি উক্ত সার্কুলারে উল্লিখিত দুইটি শর্ত ''উপকূল অতিক্রমের অনুমতি প্রদানের ক্ষেত্রে নৌযানের নির্মাণকাল অনধিক ১৫ বৎসর হতে হবে'' এবং ''নৌযানে কর্ণফুলী/পশুর এন্ডোর্সমেন্ট সহ ইনল্যান্ড মাস্টার ক্লাশ-১ সনদধারী মাস্টার নিয়োজিত থাকতে হবে''- পুনঃবিবেচনার জন্য দীর্ঘদিন যাবৎ অনুরোধ জানিয়ে এসেছেন। উপকূল অতিক্রমের ক্ষেত্রে বিভিন্ন শর্ত আরোপ সাপেক্ষে নৌযানের বয়সসীমা বৃদ্ধি এবং ৬০০ বিএইচপি পর্যন্ত ইঞ্জিন ক্ষমতাসম্পন্ন নৌযানের ক্ষেত্রে 'সর্বনিম্ন নিরাপদ নাবিক সংখ্যা সনদ'- মোতাবেক কর্ণফুলী এন্ডোর্সমেন্টসহ ২য় শ্রেণির মাস্টার দ্বারা উপকূল অতিক্রমের অনুমতি প্রদানের বিষয়ে বিশদ আলোচনার মাধ্যমে নীতিগত সিদ্ধান্ত গ্রহণের উদ্দেশ্যে এই সভার আয়োজন করা হয়েছে। সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাবৃন্দকে তাদের মতামত ব্যক্ত করার জন্য অনুরোধ করেন।

২। মতামতসমূহ:


- অভ্যন্তরীণ নৌ চলাচল অধ্যাদেশ, ১৯৭৬ (সংশোধনী ২০০৫)- মোতাবেক অভ্যন্তরীণ নৌযান উপকূল অতিক্রম করতে পারবে না। তবে, বিশেষ বিবেচনায় এবং শর্ত সাপেক্ষে এই নৌযানসমূহকে উপকূল অতিক্রমের অনুমতি প্রদান করা হয়ে থাকে, যা অভ্যন্তরীণ নৌযানসমূহকে প্রদানকৃত এক ধরণের বিশেষ সুবিধা। যেহেতু অভ্যন্তরীণ নৌযান উপকূল অতিক্রমের উদ্দেশ্যে নির্মাণ করা হয়না ফলে উপকূল অতিক্রমের ক্ষেত্রে এধরণের নৌযানের বয়সসীমা (সর্বোচ্চ ১৫ বছর) পূর্বাপেক্ষা বৃদ্ধিকরণ কতটা যৌক্তিক তা বিবেচনা করা জরুরী। এক্ষেত্রে অভ্যন্তরীণ নৌযানের বয়সসীমা ১৫ বছর হতে বৃদ্ধি করা হলে অভ্যন্তরীণ নৌযান মালিকগণ ভবিষ্যতে পুনরায় বয়সসীমা বৃদ্ধিকরণের দাবী উত্থাপন করতে পারেন। এ বিষয়ে তাদেরকে নিরুৎসাহিত করতে হবে। উপকূল অতিক্রমের উদ্দেশ্যে তারা কোস্টাল ভেসেল নির্মাণ করতে পারেন।
- ৪র্থ শ্রেণির নৌযানসমূহ সাধরণত অভ্যন্তরীণ নৌপথে দিনে ০৮ (আট) ঘন্টার কম সময় চলাচল করে বিধায় অভ্যন্তরীণ জাহাজ (সর্বনিম্ন নিরাপদ নাবিক সংখ্যা) বিধিমালা,২০০১-অনুযায়ী একজন মাস্টার দ্বারা নৌযান সার্ভে করা হয়। কিন্তু উপকূল অতিক্রমের ক্ষেত্রে উক্ত নৌযানটিকে দিনে ন্যুনতম ১২ (বার) ঘন্টা চালনা করা হয় ফলে এক্ষেত্রে নৌযানে ০২ (দুই) জন মাস্টার নিয়োগ দানের শর্ত আরোপ করতে হবে।
- নতুন মালবাহী নৌযান নির্মাণের ক্ষেত্রে, ৫০ (পঞ্চাশ) মিটারের অধিক দৈর্ঘ্যবিশিষ্ট মালবাহী নৌযানসমূহের ইঞ্জিন ক্ষমতা ৬০০ বিএইচপির অধিক হতে হবে, এরূপ বাধ্যবাধকতা আরোপ করতে হবে। এর ফলে, নৌযানে ০২ (দুই) জন মাস্টার নিয়োগের বিষয়টি নিশ্চিতকরণ সম্ভব হবে।

- মালবাহী নৌযানের নকশা অনুমোদনের সময় নৌযানটি উপকূল অতিক্রমের জন্য নির্মাণ করা হবে কিনা সে বিষয়টি আবেদনকারী লিখিতভাবে জানাবেন এবং সে অনুযায়ী মালবাহী নৌযানের অনুমোদিত নকশায় “Fit for Bay-crossing” / “Not fit for Bay-crossing” এন্ডোর্সমেন্ট প্রদান করতে হবে।
- নৌযানের বয়স ১৫ বছরের অধিক হলে Plate Thickness হ্রাস পায় বিধায় নৌযান দুর্ঘটনায় পতিত হয়। উপকূল অতিক্রমের ক্ষেত্রে অভ্যন্তরীন নৌযানের বয়স সীমা ১৫ বছর হতে বৃদ্ধি করতে হলে ১৫ বছর পর স্পেশাল ডকিং এর শর্ত আরোপ করতে হবে। ২য় শ্রেণির নৌযান পরিচালনার ক্ষেত্রে যোগ্যতা সনদ প্রাপ্তির পরবর্তীকালে ০২ (দুই) বছরের অভিজ্ঞতাসম্পন্ন কর্ণফুলী এন্ডোর্সমেন্টসহ ২য় শ্রেণির মাস্টার দ্বারা উপকূল অতিক্রমের অনুমতি প্রদান করা যেতে পারে।
- ১৫ বছরের অধিক বয়সের নৌযানের কার্গো হোলগুলিতে ফুল ওয়েল্ডিং করা, যেসকল প্লেটে স্টিচ ওয়েল্ডিং করা আছে সেগুলিতে রানিং ওয়েল্ডিং করা এবং দুইজন সার্ভেয়ার দ্বারা স্পেশাল সার্ভে করার শর্ত সাপেক্ষে উপকূল অতিক্রমের অনুমতি প্রদান করা যেতে পারে।

৩। সিদ্ধান্তসমুহ:
সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমুহ গৃহীত হয়-

- অভ্যন্তরীণ মালবাহী নৌযানের বয়স ১৫ বছর পূর্ণ হওয়ার পর স্পেশাল সার্ভে সম্পন্ন করা সাপেক্ষে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য উপকূল অতিক্রমের অনুমতি প্রদান করা যেতে পারে।
- ৬০০ বিএইচপি পর্যন্ত ইঞ্জিন ক্ষমতাসম্পন্ন মালবাহী নৌযানের অনুকূলে উপকূল অতিক্রমের অনুমতি প্রদানের ক্ষেত্রে যোগ্যতা সনদ জারির তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের অভিজ্ঞতাসম্পন্ন কর্ণফুলী এন্ডোর্সমেন্টসহ ২য় শ্রেণির মাস্টার দ্বারা নৌযান পরিচালনার অনুমতি প্রদান করা যেতে পারে।

৪। পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



কমডোর আবু জাফর মোঃ জালাল উদ্দিন.
(সি).পিসিজিএম. এনডিসি. পিএসসি. বিএন
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৮.১৭.০০০০.০১৫.৯৯.০০৩.১৯.৫৯

তারিখ: ২১ ভাদ্র ১৪২৮
০৫ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) চীফ নটিক্যাল সার্ভেয়ার, চীফ নটিক্যাল সার্ভেয়ার এর অধিশাখা, নৌপরিবহন অধিদপ্তর
২) ইন্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, নারায়নগঞ্জ, নৌযান সার্ভে শাখা, নৌপরিবহন অধিদপ্তর
৩) ইন্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ভৈরব, নৌযান সার্ভে শাখা, নৌপরিবহন অধিদপ্তর
৪) ইন্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, চট্রগ্রাম, নৌযান সার্ভে শাখা, নৌপরিবহন অধিদপ্তর
৫) ইন্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, খুলনা, নৌযান সার্ভে শাখা, নৌপরিবহন অধিদপ্তর
৬) ইন্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ঢাকা, নৌযান সার্ভে শাখা, নৌপরিবহন অধিদপ্তর
৭) ইন্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, বরিশাল, নৌযান সার্ভে শাখা, নৌপরিবহন অধিদপ্তর
৮) ইন্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, চাঁদপুর (ভারপ্রাপ্ত), নৌযান সার্ভে শাখা, নৌপরিবহন অধিদপ্তর
৯) ইন্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(ইঞ্জিনিয়ারিং), নৌপরিবহন অধিদপ্তর
১০) ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(ইঞ্জিনিয়ারিং), নৌপরিবহন অধিদপ্তর
১১) ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(ইঞ্জিনিয়ারিং), নৌপরিবহন অধিদপ্তর

১২) নটিক্যাল সার্ভেয়ার এণ্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(নটিক্যাল), নৌপরিবহন অধিদপ্তর

১৩) চীফ ইন্সপেক্টর, পরিদর্শন শাখা, নৌপরিবহন অধিদপ্তর

জনাব মোঃ মঞ্জুরুল কবীর
চীফ ইন্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার (ভারপ্রাপ্ত)